



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com

বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-১৫৭/২০১৮/১৫৬৬১

তারিখ: ২৬ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

চন্দ্রপাড়া সুলতানিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: চন্দ্রপাড়া, উপজেলা: সদরপুর, জেলা: ফরিদপুর-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ২৭-০৭-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিশ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ৩০-০৬-২০২৪ থেকে ২৯-০৬-২০২৮ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

- লাইব্রেরির জন্য কমপক্ষে এক লক্ষ টাকার রেফারেন্স ও সমসাময়িক কিতাব ক্রয় করতে হবে;
- নতুন শিক্ষাবর্ষ থেকে ফাজিল স্তরে কমপক্ষে ২৫ (পঁচিশ) জন শিক্ষার্থীর ভর্তি নিশ্চিত করতে হবে;
- শিক্ষকদের জন্য পৃথক কেবিনেটের ব্যবস্থা করতে হবে;
- মাদরাসার আয়-ব্যয়ের হিসাব যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে ক্যাশ বহিতে লিপিবদ্ধ করতে হবে এবং বছরে কমপক্ষে ৪ (চার) বার অডিট করাতে হবে;
- আরবি ও ইংরেজি বিষয়গুলো সংশ্লিষ্ট ভাষায় পাঠদান করতে হবে;
- ইবতেদায়ী শাখার শ্রেণিকক্ষগুলো পেইন্টিংসহ যুগোপযোগী করতে হবে এবং শিক্ষা উপকরণ দ্বারা সমৃদ্ধ করতে হবে;
- ১, ২ ও ৩ নং শর্তপূরণ করে আগামী ৩ (তিন) মাসের মধ্যে প্রমাণকসহ বিশ্ববিদ্যালয়ের মাদরাসা পরিদর্শন দপ্তরে লিখিতভাবে অবহিত করতে হবে;
- কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব চালু করার জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে;
- মাদরাসার ঐতিহ্য অনুযায়ী হাদিস মুখস্তকরণের চর্চা চালু করতে হবে এবং বিভিন্ন পুরস্কার প্রদানের মাধ্যমে শিক্ষার্থীদেরকে এ ব্যাপারে উৎসাহিত করতে হবে;
- মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: ডিজিটাল হাজিরা, সিসি টিভি ও আইপিএস-এর ব্যবস্থা করতে হবে;
- শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বার্ষিকী প্রকাশ, বিতর্ক-রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
- ছুটির রেজিস্টার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ব্যক্তিগত ফাইল ও ছুটির আবেদনপত্র যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;
- শিক্ষার মনোন্নয়নের জন্য শিক্ষকদের বিভিন্ন বিষয়ের ওপর প্রশিক্ষণের ব্যবস্থা করত: প্রতি ০৩ (তিন) মাস পরপর অভিভাবক সমাবেশ করার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে নিয়মিত ভিজিট করতে হবে এবং মাদরাসা সম্পর্কিত সকল নোটিশ সংশ্লিষ্ট মাদরাসার নোটিশ বোর্ডে প্রদর্শন করা ছাড়াও মাদরাসার ফাইলে সংরক্ষণ করতে হবে;
- প্রত্যেক শ্রেণিকক্ষের দরজায় ক্লাসের নাম বাংলা ও আরবি লেখা সম্বলিত নেমপ্লেট স্থাপন করতে হবে এবং মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে;
- অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

(মোঃ গিয়াস উদ্দীন)

মাদরাসা পরিদর্শক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ, চন্দ্রপাড়া সুলতানিয়া ফাজিল মাদরাসা

ডাকঘর: চন্দ্রপাড়া, উপজেলা: সদরপুর, জেলা: ফরিদপুর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-১৫৭/২০১৮/১৫৬৬১

তারিখ: ২৬ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
- রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
- ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- সভাপতি, চন্দ্রপাড়া সুলতানিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: চন্দ্রপাড়া, উপজেলা: সদরপুর, জেলা: ফরিদপুর।
- অফিস নথি।

(আরিফ আহমদ) ০৯.০২.২০২৬

সহকারী মাদরাসা পরিদর্শক